
## ১০ কোটি জনধন অ্যাকাউন্টই ভুয়ো ● পড়ে আছে বিপুল টাকা

# তৃণমূলের অভিযোগ মেনে নিল কেন্দ্র

**প্রতিবেদন** : রাজ্যসভার তৃণমূল সাংসদ জহর সরকার কিছুদিন আগেই কেন্দ্রের জনধন যোজনা নিয়ে প্রশ্ন তুলেছিলেন। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তিনি নালিশ করেছিলেন, ১০ কোটিরও বেশি জনধন অ্যাকাউন্ট ভুয়ো। খুঁজে পাওয়া যাচ্ছে না বিপুল সংখ্যক অ্যাকাউন্ট হোল্ডারকে। সেই সমস্ত অ্যাকাউন্টে যে টাকা পড়ছে, তার ভবিষ্যৎ কী? সেই টাকা কোথায় যাচ্ছে? এই মর্মে কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে চিঠি লিখেছিলেন তৃণমূল সাংসদ জহর সরকার। এতদিনে তিনি সেই চিঠির জবাব পেলেন। জবাবি চিঠিতে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের প্রতিমন্ত্রী ভগবত কারাড কার্যত স্বীকার করে নিয়েছেন, জনধন যোজনার ১০ কোটি অ্যাকাউন্ট ভুয়ো, অ্যাকাউন্ট হোল্ডারের কোনও হদিশ নেই। কেন্দ্রীয় অর্থ


Jawhar Sircar @jawharsircar · 1d
Finance Ministry admits almost 20% of 51 crore PM Jan Dhan accounts, ie, 10 crores, are untraceable, inoperative. Minister admits ₹11,500 crore of Govt Funds are thus lying unused in banks, — while Ministries may be claiming "success" in disbursement!
@AITCofficial

মন্ত্রকের সেই প্রাপ্তি চিঠিরই একটি প্রতিলিপি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে ফের একবার কেন্দ্রের বিরুদ্ধে সুর চড়িয়েছেন তৃণমূল সাংসদ। সোশ্যাল মিডিয়ার এক্স হ্যান্ডেলে তৃণমূল কংগ্রেসকে ট্যাগ করে সাংসদ জহর সরকার লেখেন, কেন্দ্রীয় অর্থ মন্ত্রক মেনে নিয়েছে যে, ৫১ কোটি জনধন অ্যাকাউন্টের মধ্যে ২০ শতাংশ অর্থাৎ প্রায় ১০ কোটি অ্যাকাউন্টের কোনও হদিশ নেই। সেইসব অ্যাকাউন্টে কোনও লেনদেন হয় না। এই স্বীকারোক্তিতে কেন্দ্রীয় মন্ত্রী মেনে নিচ্ছেন যে, সরকারের ১১,৫০০ কোটি টাকা অব্যবহৃত ভাবে ব্যাঙ্কে পড়ে আছে। ২০১৪ সালের ২৮ অগাস্ট প্রত্যন্ত এলাকার গরিব মানুষের কাছে ব্যাঙ্কিং পরিষেবা পৌঁছে দিতে চালু করা হয়েছিল জনধন যোজনা। জীবন জ্যোতি বিমা যোজনা, সুরক্ষা বিমা যোজনা, অটল পেনশন যোজনা ও মুদ্রা যোজনার মতো কেন্দ্রের বিভিন্ন প্রকল্পের ভর্তুকি উপভোক্তাদের কাছে পৌঁছে দিতে এই অ্যাকাউন্টের ব্যবহার করে থাকে কেন্দ্রীয় সরকার। সেই জনধন যোজনাতেই বাসা বেঁধেছে দুর্নীতি। সেই দুর্নীতিই প্রকট করলেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ।